



138763

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/ ২১৭৩/কুড়িগ্রাম-২৪৩

তারিখ: ২৮ পৌষ ১৪২৮
০২ জানুয়ারি ২০২২

বিষয় : নির্বাহী কমিটি গঠন প্রসঙ্গে

- সূত্র : ১। মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং- বামাশিবো/প্রশা/ কুড়ি-২৪৩/৬৯৫/২; তারিখ: ৩০/০৭/২০১৭ খ্রি.
২। মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং- বামাশিবো/প্রশাসন/কুড়িগ্রাম-২৪৩/৯২৩/৪; তারিখ: ২৭/০৫/২০১৮ খ্রি.
৩। উপজেলা নির্বাহী অফিসার এর স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.০৪.০৭৮.১৮-২১২; তারিখ: ২১.০৩.২০১৯ খ্রি.
৪। মাদ্রাসা শিক্ষাবোর্ডের স্মারক নং- বামাশিবো/প্রশাসন/কুড়িগ্রাম-২৪৩/১০৬৪/৪; তারিখ: ১১/০৪/২০১৯ খ্রি.
৫। মাদ্রাসা শিক্ষাবোর্ডের স্মারক নং- বামাশিবো/প্রশাসন/কুড়িগ্রাম-২৪৩/১১০৩/৪; তারিখ: ১৯/০৯/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলাধীন শেখ ফজিলাতুন্নেছা দাখিল মাদ্রাসার নির্বাহী কমিটি অনুমোদনের জন্য সুপার জনাব মো: আমিনুল ইসলাম মিয়া কর্তৃক গত ১৭.০৭.২০১৭ খ্রি. আবেদনের প্রেক্ষিতে সূত্রোক্ত ০১ নং স্মারকে নির্বাহী কমিটি অনুমোদন দেওয়া হয়। অনুমোদিত নির্বাহী কমিটির বিরুদ্ধে এলাকাবাসীর পক্ষে জনৈক মো: হাবিবুর রহমান গং একখানা অভিযোগ দাখিল করেন। অভিযোগের প্রেক্ষিতে সরেজমিনে তদন্ত করে মতামত প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রামকে সূত্রোক্ত ০২ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার সরেজমিনে তদন্ত করে সূত্রোক্ত ০৩ নং স্মারকে মতামত প্রদান করেন। তাতে দেখা যায় সুপার জনাব মো: আমিনুল ইসলাম মিয়া বর্তমান মাদ্রাসা থেকে অব্যাহতি নিয়ে অন্য একটি মাদ্রাসায় সহকারী মৌলভী পদে যোগদান করে সরকারি বেতন-ভাতাদি প্রাপ্ত হয়ে আসছেন মর্মে উল্লেখ করেন। অভিযোগকারীর অভিযোগ প্রমাণিত হওয়ায় কেন অনুমোদিত নির্বাহী কমিটি ভেঙে দেওয়া হবে না তার জবাব প্রদানের জন্য সূত্রোক্ত ০৪ নং স্মারকে কারণ দর্শানো হয় এবং জবাব সন্তোষজনক না হওয়ায় সূত্রোক্ত ০১ নং স্মারকের অনুমোদিত নির্বাহী কমিটি সূত্রোক্ত ০৫ নং স্মারকে ভেঙে দেওয়া হয়। পরবর্তীতে সুপার দাবীদার জনাব মো: শাহনুর আলম গত ০১.০২.২০২১ খ্রি. তারিখে জনাব আব্দুল খালেককে প্রতিষ্ঠাতা সভাপতি করে নির্বাহী কমিটি অনুমোদনের জন্য আবেদন করেন। আবেদনকৃত কাগজপত্র, উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রেরিত তদন্ত প্রতিবেদন ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এ রক্ষিত সংশ্লিষ্ট নথি যাচাইয়াত্তে দেখা যায় জনাব মো: শাহনুর আলম শেখ ফজিলাতুন্নেছা দাখিল মাদ্রাসার ২৯.১০.২০২১ খ্রি. থেকে নিয়োগপ্রাপ্ত সুপার এবং জনাব মো: আব্দুর রহমান উক্ত মাদ্রাসার প্রতিষ্ঠাতা।

বর্ণিত অবস্থায় প্রতিষ্ঠানের স্বার্থে জনাব মো: আব্দুর রহমানকে প্রতিষ্ঠাতা সভাপতি করে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান ৪৮ অনুযায়ী নির্বাহী কমিটি গঠন পূর্বক অনুমোদনে অনলাইনে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

জনাব মো: শাহনুর আলম, সুপার
শেখ ফজিলাতুন্নেছা দাখিল মাদ্রাসা
পো: গংগারহাট, ফুলবাড়ী, কুড়িগ্রাম।

নং-বামাশিবো/প্রশা/ ২১৭৩/কুড়িগ্রাম-২৪৩

তারিখ: ২৮ পৌষ ১৪২৮
০২ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, কুড়িগ্রাম;
২. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম;
৩. উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম;
৫. জনাব মো: আব্দুর রহমান (প্রতিষ্ঠাতা), শেখ ফজিলাতুন্নেছা দাখিল মাদ্রাসা, ফুলবাড়ী, কুড়িগ্রাম;
৫. ম্যানেজার, সোনালী/অগ্রণী/বুপালী/জনতা ব্যাংক, শাখা, ফুলবাড়ী, কুড়িগ্রাম;
৬. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd